দৈনিক বাংলা

তারিখ ... 22 AUG 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

13

## দুই লক্ষাধিক পরীক্ষার্থী

# তিন বোর্ডের এইচ এস সি পরীক্ষা আজ শুরু

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা, যশোর ও রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষা আজ থেকে শুরু হচ্ছে। তিনটি বোর্ডের এইচএসসি পরীক্ষায় এবার দু লক্ষাধিক পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু হবে আগামী মাসে। ঘূর্ণিঝড় ও অন্যান্য কারণে এসএসসি পরীক্ষা অনুষ্ঠান দেরী হওয়ায় এইচএসসি পরীক্ষা বিলম্বে অনুষ্ঠিত হচ্ছে।

এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৮৯ হাজার

(শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

### পরীক্ষা আজ শুরু

(প্রথম পৃষ্ঠার পর)

৪২২ জন। এরমধ্যে ৫৫ হাজার ৪৪১ জন ছাত্র ও ২৫ হাজার ৯৮১ জন ছাত্রী। ঢাকা বোর্ডের পরীক্ষা ১৫৮টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। এর মধ্যে বিদেশেদুটি।

যশোর বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা এবার ৫০ হাজার ৩২০ জন। এর মধ্যে ৩৬ হাজার ৬৬০ জন ছাত্র ও ১৩ হাজার ১১৩ জন ছাত্রী। রাজশাহী বোর্ড থেকে অংশ নিচ্ছে প্রায় ৭০ হাজার পরীক্ষার্থী। এদুটি বোর্ডে কেন্দ্র সংখ্যা ২৫২টি।